সত্যের আধুনিক প্রকাশ
◆
মা ক তা বা তু ল ফু র কা ন
www.islamibooks.com

مكتبةالفرقان

*Beautiful Sunnat of Beloved Prophet* ﷺ
– এর অনুবাদ

# মাহবুব নবীর ﷺ মাহবুব সুন্নাত

আরিফ-বিল্লাহ
**মাওলানা শাহ হাকীম মুহাম্মাদ আখতার রহ.**

◆

অনুবাদ
**আজিজুল বারী**

সম্পাদনা
**মাওলানা ফারুক আহমাদ দা.বা.**
খলীফা, মাওলানা আমীন উদ্দিন রহ.

MAKTABATUL FURQAN
PUBLICATIONS
ঢাকা, বাংলাদেশ



**ইসলামী জীবন** **মাহবুব নবীর ﷺ মাহবুব সুন্নাত**
**মাকতাবাতুল ফুরকান** কর্তৃক প্রকাশিত
১১/১ ইসলামী টাওয়ার (প্রথম তলা)
বাংলাবাজার, ঢাকা-১১০০
www.islamibooks.com
maktabfurqan@gmail.com
☎ +8801733211499

গ্রন্থস্বত্ব © ২০২০ মাকতাবাতুল ফুরকান এবং খানকায়ে আমীনিয়া
প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত। লিখিত অনুমতি ব্যতীত ব্যবসায়িক উদ্দেশ্যে বইটির কোনো অংশ স্ক্যান করে ইন্টারনেটে আপলোড করা কিংবা ফটোকপি বা অন্য কোনো উপায়ে প্রিন্ট করা অবৈধ এবং দণ্ডনীয় অপরাধ।

দ্যা ব্ল্যাক, ঢাকা, বাংলাদেশ এ মুদ্রিত; ☎ +৮৮০১৭৩০৭০৬৭৩৫
প্রথম প্রকাশ : রমাযান ১৪২১ হি. / মে ২০২০ খ্রি.
প্রচ্ছদ : কাজী যুবায়ের মাহমুদ
প্রুফ সংশোধন : মুহাম্মাদ হেমায়েত হোসেন

ISBN : 978-984-94323-2-6

**মূল্য : ৳১০০ (একশ টাকা মাত্র)**
USD $5.00

**অনলাইন পরিবেশক**
www.islamibooks.com; www.rokomari.com
www.wafilife.com; www.boi-kendro.com

## প্রকাশকের কথা

আলহামদুলিল্লাহ, নিত্য প্রয়োজনীয় ও বরকতময় সুন্নাতসমূহ নিয়ে একটি গ্রন্থ প্রকাশ করার ইচ্ছে ছিল অনেকদিনের। ছোট কলেবরে হলেও শেষ পর্যন্ত আল্লাহ তাআলা এর ব্যবস্থা করে দিয়েছেন।

গত ফেব্রুয়ারী মাসের শেষ দিকে সিলেট সফরে গিয়েছিলাম। সেখানেই হযরত ইঞ্জিনিয়ার আজিজুল বারী সাহেব (খলীফা, হযরত মাওলানা ফারুক আহমাদ জকিগঞ্জী দা.বা.)-এর সঙ্গে পরিচয় হয়েছে। তিনি দ্বীনী কর্মকাণ্ডের পাশাপাশি একটি খানকাহ ও গবেষণা প্রতিষ্ঠান পরিচালনা করেন। অনেক গ্রন্থ রচনা ও অনুবাদ করে ইতোমধ্যে সিলেটে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছেন। মাওলানা মহিউদ্দিন খান রহ. বেঁচে থাকতে *মাসিক মদীনায়*-ও নিয়মিত লেখালেখি করতেন। হযরত মাওলানা শাহ হাকিম মুহাম্মদ আখতার রহ.-এর বিখ্যাত গ্রন্থ *পিয়ারে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কি পিয়ারী সুন্নাতে*-এর অনুবাদ *মাহবুব নবীর ﷺ মাহবুব সুন্নাত*—তারই অনূদিত একটি গ্রন্থ এবং এটি তার পরিচালিত খানকাহ থেকে বেশ কয়েকবার প্রকাশিতও হয়েছে। নতুনভাবে এটি প্রকাশ করার ক্ষেত্রে আমাদের আগ্রহ দেখে তিনি সানন্দে সম্মতি দিয়েছেন। আশা করি, পাঠকদের নিকট এটি ব্যাপক গ্রহণযোগ্যতা লাভ করবে।

উল্লেখ্য, গ্রন্থটিকে ত্রুটিমুক্ত ও সর্বাঙ্গীণ সুন্দর করার সার্বিক চেষ্টা করা হয়েছে। তারপরও সুহৃদয় পাঠকের দৃষ্টিতে কোনো অসঙ্গতি ধরা পড়লে আমাদের অবগত করা হলে পরবর্তী সংস্করণে তা সংশোধন করা হবে ইনশাআল্লাহ। আল্লাহ তাআলা এই গ্রন্থটির পাঠক, প্রকাশক, অনুবাদক ও সংশ্লিষ্ট সবাইকে তার পথে অগ্রসর হওয়ার তাওফীক দান করুন। আমীন, ইয়া রাব্বাল আলামীন।

**মুহাম্মাদ আদম আলী**
মাকতাবাতুল ফুরকান
ইসলামী টাওয়ার, ১১/১ বাংলাবাজার, ঢাকা

১৩ মে ২০২০



## অনুবাদকের কথা

মুহিউস সুন্নাহ হযরত মাওলানা শাহ আবরারুল হক রহ.-এর অন্যতম খলিফা হযরত মাওলানা শাহ হাকিম মুহাম্মদ আখতার রহ.-এর বিখ্যাত গ্রন্থ *পিয়ারে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কি পিয়ারী সুন্নাতে*। এটি পৃথিবীর বিভিন্ন ভাষায় অনূদিত হয়েছে। বক্ষ্যমাণ গ্রন্থটি এর ইংরেজী সংস্করণ *Beautiful Sunnat of the Beloved Prophet* ﷺ-এর বাংলা অনুবাদ; *মাহবুব নবীর ﷺ মাহবুব সুন্নাত*।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, ‘যে আমার সুন্নাতকে মহব্বত করল, সে যেন আমাকে মহব্বত করল। আর যে আমাকে মহব্বত করল, তাকে আমি সঙ্গে নিয়ে জান্নাতে অবস্থান করব।’ এ সৌভাগ্য অর্জনের একটি গুরুত্বপূর্ণ ধাপ হচ্ছে, দৈনন্দিন জীবনে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সুন্নাতের পরিপূর্ণ অনুসরণ-অনুকরণ। এক্ষেত্রে এ গ্রন্থটি অবশ্যই সহায়ক হবে। উল্লেখ্য, গ্রন্থটি ইংরেজি থেকে অনূদিত হলেও হযরত মাওলানা আমীন উদ্দীন রহ. (শায়খে কাতিয়া)-এর বিশিষ্ট খলীফা হযরত মাওলানা ফারুক আহমদ জকিগঞ্জী দামাত বারাকাতুহুম অনুগ্রহ করে মূল কিতাবের সঙ্গে সামঞ্জস্য রেখেই এটি সম্পাদনা করে দিয়েছেন। আমি তার নিকট বিশেষভাবে কৃতজ্ঞ।

গ্রন্থটি এদেশের প্রসিদ্ধ প্রকাশনা প্রতিষ্ঠান *মাকতাবাতুল ফুরকান* থেকে প্রকাশিত হচ্ছে জেনে আমি খুবই আনন্দিত। আমি উক্ত প্রকাশনার সার্বিক উন্নতি কামনা করি। অনেকেই এ গ্রন্থটি প্রকাশে বিভিন্নভাবে সহযোগিতা করেছেন। আল্লাহ সবাইকে কবুল করুন এবং রাসূলের সুন্নাত অনুসরণ-অনুকরণে আমাদের জীবন আলোকিত ও বরকতময় করুন। আমীন।

**আজিজুল বারী**
প্রতিষ্ঠাতা ও সদস্য সচিব, গবেষণা বিভাগ
খানকায়ে আমীনিয়া-আসগরিয়া, সিলেট।

১০ এপ্রিল ২০২০

# সূচিপত্র


| | |
|---|---|
| ঘুম থেকে জেগে ওঠার পরবর্তী সুন্নাতসমূহ | ৯ |
| টয়লেটে প্রবেশ ও বের হওয়ার সুন্নাত ও দুআ | ১০ |
| যখন ঘর থেকে বের হবেন | ১৩ |
| ঘরে প্রবেশের দুআ | ১৩ |
| মসজিদে প্রবেশের সুন্নাত তরীকা | ১৪ |
| মসজিদ থেকে বের হওয়ার সুন্নাত তরীকা | ১৪ |
| মিসওয়াক ব্যবহারের সুন্নাত | ১৫ |
| অযুর সুন্নাতসমূহ | ১৫ |
| অযুর ফরযসমূহ | ১৮ |
| গোসলের সুন্নাত তরীকা | ১৮ |
| গোসলের ফরযসমূহ | ১৯ |
| আযান ও ইকামাতের সুন্নাত | ২০ |
| নামাযের ৫১টি সুন্নাত | ২১ |
| নামাযের ফরযসমূহ | ২৭ |
| মহিলাদের নামাযে পার্থক্য | ২৮ |
| নামাযের অন্যান্য আদব-কায়দা | ২৮ |
| জুমুআ নামাযের সুন্নাতসমূহ | ৩০ |
| খানা খাওয়ার সুন্নাত | ৩১ |
| পানি পান করার সুন্নাত | ৩৪ |
| পোশাকের সুন্নাত | ৩৫ |
| চুল ও দাড়ি সম্পর্কিত সুন্নাত | ৩৭ |
| রোগীর সেবা ও দেখার সুন্নাত | ৩৮ |
| সফরের সুন্নাত | ৪০ |





| | |
|---|---|
| বিয়ে-শাদির সুন্নাত | ৪২ |
| ওয়ালিমার সুন্নাত | ৪৪ |
| শিশু জন্মের সময়কার সুন্নাত | ৪৪ |
| মৃত্যুকালীন ও মৃত্যু পরবর্তী সুন্নাত | ৪৬ |
| নিদ্রা যাওয়ার পূর্বে সুন্নাত | ৪৮ |
| সমাজ-জীবনে কিছু আদব ও সুন্নাত | ৫০ |
| কুফরী চিন্তা-ভাবনা ও গুনাহের দ্বারা আক্রান্ত হলে | ৪৫ |
| দ্বীনের কয়েকটি গুরুত্বপূর্ণ শিক্ষা | ৫২ |
| ইস্তিখারার নামায | ৫৩ |
| সালাতুল হাজাত | ৫৫ |
| নবীজী সা.-এর কিছু পবিত্র অভ্যাস | ৫৮ |

## ঘুম থেকে জেগে ওঠার পরবর্তী সুন্নাতসমূহ

১। ঘুম থেকে জেগে ওঠার পরই উভয় হাতের তালু দ্বারা মুখমণ্ডল ও চোখদ্বয় মুছে নিন। এর ফলে নিদ্রার প্রভাব থেকে মুক্ত হয়ে যাবেন।[১]

২। ভোরে চক্ষুদ্বয় খোলার পরই নিম্নোক্ত দুআ পাঠ করুন :

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِیْ اَحْيَانَا بَعْدَ مَا اَمَاتَنَا وَاِلَيْهِ النُّشُوْرُ

যাবতীয় প্রশংসা আল্লাহর জন্য যিনি মৃত্যুর পর আমাদের আবার জীবিত করেছেন এবং তাঁরই নিকট আমাদের (পুনরুত্থান দিবসে) আবার ফিরে যেতে হবে।[২]

৩। ঘুম থেকে জেগে ওঠে মিসওয়াক দিয়ে দাঁত মেঝে নিন।[৩]

৪। অযুর পূর্বেও মিসওয়াক করে নিবেন। ঘুম থেকে জেগে ওঠার পর মিসওয়াক ব্যবহার একটি আলাদা সুন্নাত।[৪]

### পোশাক পরিধানের সুন্নাত

৫। পাজামা পরার সময় প্রথমে ডান পা, এরপর বাম পা পরিধান করবেন। পাঞ্জাবী, তুব, কুর্তা কিংবা সার্ট পরার সময় প্রথমে ডান হাত, এরপর বাম হাত প্রবেশ করাবেন। সদরিয়া গায়ে পরার সময়ও অনুরূপ নিয়ম রক্ষা করবেন। জুতা পরার সময় প্রথমে ডান পা এবং পরে বাম পা প্রবেশ করাবেন। যে কোনো বস্ত্র গা থেকে খোলার সময় বিপরীত পদ্ধতিতে খুলবেন। অর্থাৎ প্রথমে বাম পা কিংবা হাত খুলবেন এবং

[১] *সহীহ*, বুখারী, হাদীস নং ১৮৩; শামায়িলে তিরমিযী।
[২] *সহীহ*, বুখারী, ১/৯৩৬; *সহীহ*, মুসলিম, ২/৩৪৮।
[৩] *সহীহ*, বুখারী, হাদীস নং ২৪৫; *মুসনাদ*, আহমদ; *সুনান*, আবু দাউদ।
[৪] *বাযলুল মাযহূদ*, আবু দাউদ শরীফের ব্যাখ্যাগ্রন্থ, খণ্ড-১, পৃ. ৩৫।



পরে ডান পা কিংবা হাত। জুতা খোলার সময়ও প্রথমে বাম পা এবং পরে ডান পা খুলবেন। এভাবে করা হলো সুন্নাত পদ্ধতি।[৫]

৬। পানির পাত্র হাত দেওয়ার পূর্বে প্রথমে ভালো করে তিনবার উভয় হাত (কব্জি পর্যন্ত) ধুঁয়ে নেবেন।[৬]

## টয়লেটে প্রবেশ ও বের হওয়ার সুন্নাত ও দুআ

১। ইস্তিঞ্জার জন্য পানি ও ঢিলা সাথে নিয়ে যাবেন। শুধু পেশাবের জন্য একটি এবং পায়খানার জন্য অন্তত তিনটি (এবং পেশাবের জন্য অতিরিক্ত আরেকটি), এই মোট চারটি ঢিলা নিবেন। আজকাল বাথরুমে হাই বা লো-কমোড থাকে। ঢিলা কমোডে ফেলা ঠিক নয়। তাই উলামায়ে কেরাম বলেছেন, ঢিলার পরিবর্তে টয়লেট পেপার ব্যবহারে কোনো অসুবিধা নেই। তবে ঢিলার সুন্নাত আদায় হবে না—যদিও কাজ হয়ে যাবে।[৭]

২। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মাথা ঢেকে (টুপি পরে) টয়লেটে যেতেন। এছাড়া তিনি পায়ে জুতাও রাখতেন।[৮]

৩। টয়লেটে প্রবেশের পূর্বে এই দুআ পাঠ করুন[৯] :

بِسْمِ اللّٰهِ اَللّٰهُمَّ اِنِّیْ اَعُوْذُبِكَ مِنَ الْخُبُثِ وَالْخَبَآئِثِ

আল্লাহর নামে; হে আল্লাহ! পুরুষ ও নারী খবিস জিনদের থেকে আমি আপনার আশ্রয় কামনা করছি।[১০]

[৫] *সহীহ*, বুখারী, ৪/৩৪; *মুয়াত্তা*, মালিক, ৪৮/১৬৬৯; *সুনান*, তিরমিযি।
[৬] *সুনান*, তিরমিযি, খণ্ড-১, পৃ. ১৩।
[৭] *সুনান*, আবু দাউদ, ১/৭।
[৮] *সুনান*, বাইহাকি, হাদীস নং ৪৬৫।
[৯] *সুনান*, তিরমিযি, ১/৬; *সুনান*, নাসাঈ, ১/১৯; *সুনান*, আবু দাউদ, হাদীস নং ৫৭।
[১০] মোল্লা আলী কারী (রাহ.) তাঁর প্রণীত ‘মিরকাত’ গ্রন্থে বলেছেন, উপরোক্ত দুআর ওয়াসিলায় টয়লেটে প্রবেশকারী ব্যক্তি ও খবিস জিনদের মধ্যে একটি পর্দা পড়ে যায়। সুতরাং তারা ঐ ব্যক্তির গুপ্তাঙ্গ আর দেখতে সক্ষম হয় না (কারণ, খবিস জিনদের অভ্যাস হলো মানুষের গুপ্তাঙ্গের প্রতি তাকানো)। তিনি আরো লিখেছেন, খুবুস (اَلْخُبُثُ) শব্দের

‘বা’ (بُ) অক্ষরটি পেশ কিংবা জযম দিয়ে পাঠ করা যাবে (অর্থাৎ খুবুস কিংবা খুব্‌স পাঠ করলে উভয়টিই শুদ্ধ হবে)।[১০]